

## স্মরণীয়-বরণীয়

## বিপ্লবী প্রীতিলতা ওয়াদেদারের জন্মদিন আজ

নিউজ ডেস্ক অভিমত পত্রিকা সোমবার, ৫ মে ২০২৫, ১২:২৫ পূর্বাহ্ন 1 min read 0 প্রিন্ট করুন



**শেয়ার বিজ্ঞ ডেস্ক :** বিপ্লবী স্বাধীনতা সংগ্রামী প্রীতিলতা ওয়াদেদারের জন্মদিন আজ। ১৯১১ সালের ৫ এপ্রিল চট্টগ্রামের এক মধ্যবিত্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা জগবন্ধু ছিলেন চট্টগ্রাম পৌরসভার হেড ক্লার্ক। প্রীতিলতা ওয়াদেদার মাস্টারদা সূর্যসেনের ঘনিষ্ঠ সহযোগী ছিলেন। ব্রিটিশ শাসনের বিরুদ্ধে পরিচালিত সশস্ত্র সংগ্রামে প্রীতিলতাকে প্রথম আত্মোৎসর্গকারী নারী হিসেবে চিহ্নিত করা হয়।

প্রীতিলতা চট্টগ্রামের খান্দেরবালিকা বিদ্যালয় থেকে ১৯২৭ সালে প্রথম বিভাগে ম্যাট্রিক পাস করেন। ১৯২৯ সালে ঢাকা ইডেন মহিলা কলেজে ভর্তি হন এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ঢাকা বোর্ডে প্রথম স্থান অধিকার করেন।

এর দুই বছর পর প্রীতিলতা কলকাতার বেথুন কলেজ থেকে দর্শনশাস্ত্রে ডিস্টিংশনসহ গ্র্যাজুয়েশন করেন। ইডেন কলেজের ছাত্রী থাকাকালে প্রীতিলতা লীলা নাগের নেতৃত্বাধীন দীপালি সংঘের অন্তর্ভুক্ত শ্রীসংঘের সদস্য এবং কলকাতার বেথুন কলেজের ছাত্রী থাকাকালে কল্যাণী দাসের নেতৃত্বাধীন ছাত্রীসংঘের সদস্য হন।


গ্র্যাজুয়েশন করার পর তিনি চট্টগ্রামের নন্দনকানন অপার্ণাচরণ নামক একটি ইংরেজি মাধ্যম স্কুলে প্রধান শিক্ষিকা হিসেবে যোগদান করেন।

১৯৩০ সালে সমগ্র বাংলাজুড়ে অনেক বিপ্লবী দল সংগ্রামরত ছিল। ওইসব দলের সদস্যরা বিশ্বাস করত, কেবল সশস্ত্র বিপ্লবের মধ্য দিয়ে ভারতের স্বাধীনতা অর্জিত হতে পারে। এক্ষেত্রে ভারতের স্বাধীনতা সংগ্রামের গোপন দলিলপত্র পাঠ থেকে প্রীতিলতা ওয়াদেদার বিপ্লবে উদ্বুদ্ধ হন।

১৯৩০ সালে প্রীতিলতা কলকাতার আলীপুর কেন্দ্রীয় কারাগারে মৃত্যুদণ্ডপ্রাপ্ত রাজবন্দি রামকৃষ্ণের সঙ্গে সাক্ষাতের জন্য দা?িত্বপ্রাপ্ত হয়ে যথাসময়ে তা পালন করেন। ১৯৩২ সালের ১৩ জুন ধলঘাট সংঘর্ষে কয়েকজন বিপ্লবী প্রাণ হারান। মাস্টারদা ও প্রীতিলতা পালাতে সক্ষম হন। শিগগির পুলিশের জরুরি গ্রেপ্তারি তালিকায় প্রীতিলতার নাম অন্তর্ভুক্ত হয়।

মাস্টারদা তাকে স্কুল ছেড়ে দিয়ে পুরুষ বিপ্লবীদের মতো আত্মগোপন করার নির্দেশ দেন। প্রীতিলতা অপর একজন বিপ্লবী নারী কল্পনা দত্তসহ গোপন আস্থানায় চলে যান। ১৯৩২ সালের ২৩ সেপ্টেম্বর প্রীতিলতা পাহাড়তলীতে ইউরোপিয়ান ক্লাব আক্রমণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। 'কুকুর ও ভারতীয়দের প্রবেশ নিষিদ্ধ' এইরূপ অবমাননামূলক কথাটির জন্য ক্লাবটির দুর্নাম ছিল। ক্লাব আক্রমণ সফল করে পুরুষবেশী প্রীতিলতা সামরিক কায়দায় তাঁর বাহিনীকে ফিরে যাওয়ার নির্দেশ দেন। এই সময়ে তিনি গুলিবিদ্ধ হলে তাৎক্ষণিকভাবে পটাসিয়াম সায়ানাইড খেয়ে মৃত্যুবরণ করেন। তার আত্মদান বিপ্লবীদের সশস্ত্র সংগ্রামে আরও উজ্জীবিত করে তোলে।

[সংগৃহীত]



জুলাই আন্দোলনে হামলাকারীদের তথ্য চেয়ে জবি প্রশাসনের গণবিজ্ঞপ্তি



পূর্ববী জেনারেল ইস্যুরেন্সের বোর্ড সভা ১২ মে



পাপনের বিরুদ্ধে ৮০০ কোটি টাকা সন্দেহজনক লেনদেনের প্রমাণ মিলেছে



ডিএসইতে লেনদেন ৬০০ কোটি ছুঁই ছুঁই

আর্কাইভ অনুসন্ধান

মে ২০২৫



পূজিবাজার ·  
সোমবার, ৫ মে ২০২৫.৩:৪২ অপরাহ্ন

পুরবী জেনারেল ইস্যুরেন্সের  
বোর্ড সভা ১২ মে



পূজিবাজার ·  
সোমবার, ৫ মে ২০২৫.৩:১১ অপরাহ্ন

ডিএসইতে লেনদেন ৬০০ কোটি  
ছুই ছুই



পূজিবাজার ·  
সোমবার, ৫ মে ২০২৫.৩:০৮ অপরাহ্ন

সোমবার ব্লক মার্কেটে ত্রাক  
ব্যাকের বড় লেনদেন



পূজিবাজার ·  
সোমবার, ৫ মে ২০২৫.৩:০০ অপরাহ্ন

সোমবার লেনদেনের শীর্ষ ১০  
কোম্পানি



Previous

গরমে পানিশূন্যতা দূর করতে কী খাবেন

Next

পরিবারতন্ত্র ও পরিবারতন্ত্র: বিকল্প রাষ্ট্রচিন্তার  
সন্ধান: ড. মাহরুফ চৌধুরী



0 comments

Sort by Oldest ▾



Add a comment...

Facebook Comments Plugin